

**প্রেস রিলিজঃ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়
(বিএসএমআরএইউ)**

রিলিজ তারিখঃ ০৩ অক্টোবর ২০২৪
স্থান: বিএসএমআরএইউ, ঢাকা ক্যাম্পাস

Contact; Chief PRI&P
Mob: 01769995071
Email: chief.prip@bsmraau.edu.bd

বিএসএমআরএইউ শিক্ষার্থীদের শিক্ষা সফর

বিএসএমআরএইউ এর অ্যাভিয়েশন অপারেশন ম্যানেজমেন্ট (AVOM), বিভাগের অধীনে অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট প্রোগ্রামে মাস্টার্স অফ বিজনেস অ্যাডমিনিস্ট্রেশনের শিক্ষার্থীরা তাদের কোর্স পাঠ্যক্রমের অংশ হিসাবে গত ০৩ অক্টোবর ২০২৪ তারিখে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকায় একটি শিক্ষা সফর করেছেন।



এই শিক্ষা সফরের লক্ষ্য ছিল আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম, ব্যবস্থাপনা এবং সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সিস্টেম সম্পর্কে তাত্ত্বিক ও ব্যবহারিকভাবে শিক্ষার্থীদের শিক্ষিত করে তোলা। উক্ত বিভাগের চেয়ারম্যান গুপ ক্যাপ্টেন আবু জাফর মোহাম্মদ হাছান সফরে প্রধান সংগঠকের দায়িত্ব পালন করেন এবং সহকারী অধ্যাপক ড. হোসনে নাসরিন প্রধান সমন্বয়কের দায়িত্ব পালন করেন। এয়ার কমডোর মোহাম্মদ নাইমুজ্জামান খান, সদস্য (নিরাপত্তা) বে-সামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, শিক্ষার্থীদের উদ্দেশ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর এর অপারেশনাল কার্যক্রম এবং ব্যবস্থাপনা পদ্ধতি সম্পর্কে একটি ব্রিফিংয়ের আয়োজন করেন। এই পরিদর্শনটি শিক্ষার্থীদের অ্যাভিয়েশন ম্যানেজমেন্ট সম্পর্কিত বিষয়ে জ্ঞান অর্জন করতে বিশেষ ভূমিকা রাখবে বলে আশা করা যায়।